

প্রেস বিজ্ঞপ্তি

নিষিদ্ধ ঘোষিত পলিথিন বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৭ লক্ষ ৪০ হাজার টাকা
অর্থদণ্ড আদায় করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দৃঢ়ণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১৮/০৯/২০১৯
তারিখ পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর উদ্যোগে ঢাকার
চকবাজার এলাকার দেবীদাস ঘাট লেন, মোহাম্মদনগর হাউজিং লিঃ এর বাজার এবং মোহাম্মদপুরের ক্যাম্পের
বাজার এলাকায় সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও বিপননের দায়ে মোট
৭,৮০,০০০/- (সাত লক্ষ চাল্লিশ হাজার) টাকা অর্থদণ্ড ধার্য করে আদায় করা হয়। এরমধ্যে চকবাজার
এলাকার দেবীদাস ঘাট লেন-এ পরিচালিত অভিযানে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব কাজী তামজিদ
আহমেদ উপস্থিত ছিলেন। উক্ত অভিযানে ৩ (তিনি) টি অবৈধ পলিথিন তৈরির কারখানা এবং একটি গুদাম
পাওয়া যায়, যাদের ডিপিডিসি এর সহায়তায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন এবং সিলগালা করা সহ মোট
৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ড ধার্য এবং আদায় করা হয়। একই সাথে আলোচ্য
কারখানাগুলো ও গুদাম হতে ১০ (দশ) টন অবৈধ পলিথিন এবং পলিথিন তৈরির দানা জন্ম করা হয়েছে।
এছাড়া মোহাম্মদনগর হাউজিং লিঃ এর বাজার এবং মোহাম্মদপুরের ক্যাম্পের বাজার এলাকায় পরিচালিত
মোবাইল কোর্টে নেতৃত্ব প্রদান করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ মাকছুদুল ইসলাম। মোহাম্মদনগর
হাউজিং লিঃ এর বাজারে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা অর্থদণ্ড ধার্য ও আদায় করা হয়েছে এবং
মোহাম্মদপুরের ক্যাম্পের বাজার এলাকায় ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অর্থদণ্ড ধার্য ও আদায় এবং উক্ত
ব্যক্তিকে ৭ (সাত) দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

তারিখঃ ১৮/০৯/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর ঢাকা।

মোবাইল নম্বরঃ ০১৬৭৪-৮৭৯৪২৫।